

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়কের কার্যালয়
সদর হাসপাতাল, জেলা।

স্মারক নং- সদর/হাসঃ/জেলা/২০১৭/ ২২১

তারিখ : ২৬/০৩/২০১৭ ইং

বিষয় : হাসপাতাল কোয়ালিটি ইমপ্রুভমেন্ট কমিটির (DH-QIC) মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : ডাঃ রথীন্দ্রনাথ মজুমদার, সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল জেলা।

স্থান : সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক এর কক্ষ, সদর হাসপাতাল জেলা।

তারিখ : ২০/০৩/২০১৭। সোমবার, সকাল ৮.৩০ মি:

সভায় উপস্থিত সদস্যদের তালিকা হাজিরা সীটে লিপিবদ্ধ আছে।

অন্য ২০/০৩/২০১৭ ইং তারিখ রোজ সোমবার সকাল ৮.৩০ মি: সময় সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক এর কক্ষে DH-QIC কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার আলোচনা শুরু করেন।

সভায় আলোচ্য সূচি ও সিদ্ধান্ত সমূহ :- সভায় DH-QIC কমিটি গঠনের উদ্দেশ্য ও কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং ইহা ব্যতীত নিম্ন বর্ণিত বিষয়গুলির উপর আলোচনা হয়।

১। কর্মকর্তা/ কর্মচারীদের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি : কর্মকর্তা/ কর্মচারীদের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করনের উপর জোর তালিদ দেওয়া হয়। সকল কর্মকর্তা/ কর্মচারীদের বায়োমেট্রিক মেশিনে হাজিরা দেওয়ার জন্য বলা হয়।

২। পরিষ্কার - পরিচ্ছন্নতা :- সভায় হাসপাতাল চত্ত্বর, আউটডোর, ইনডোর, ড্রেন, এবং ড্রেন পরিষ্কার বলে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। মার্চ/১৭ ইং মাসের ক্লিন হসপিটাল ডে কর্মসূচি পালন সর্বস্তরের জনগণের প্রসংসা অর্জন করেছে বলে সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন। এপ্রিল/১৭ ইং মাসে ক্লিন হসপিটাল ডে কর্মসূচি পালনের দিন জেলা প্রশাসক মহোদয় উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন বলে জানানো হয়।

৩। ঔষধপ্রদ ও যন্ত্রপাতি :- সভাপতি রোগীদের প্রয়োজনীয় ঔষধ হাসপাতালে সরবরাহকৃত ঔষধ থেকে লিখার জন্য চিকিৎসকদের অনুরোধ জানান হাসপাতালে সরবরাহ না থাকলে প্রয়োজনে সেফেদ্রে বাহিরের ঔষধ ব্যবস্থাপনা দেয়া যাবে। সভায় অচল এবং মেরামত যোগ্য যন্ত্রপাতি জরুরী ভিত্তিতে মেরামতের ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত নেওয়া হয়।


৪। বর্জ্য ব্যবস্থাপনা :- সভায় বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয় পৌরসভার বর্জ্য পরিবহন গাড়ী নিয়মিত বর্জ্য পরিবহন করে কিনা তা তদারকির দায়িত্ব ওয়ার্ড মাষ্টারকে দেওয়া হয়। খারালো বর্জ্য পুরিয়ে ফেলার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়।

৫। সেবা গ্রহীতার সাথে সেবা প্রদানকারীর আচরণ :- সভায় হাসপাতালে আগত রোগী এবং দর্শনার্থীদের সাথে চিকিৎসক, নার্স এবং কর্মকর্তা কর্মচারীদের সন্তোষজনক আচরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হয়।

৬। পথ্য :- সভায় রোগীদের মান সম্পন্ন পথ্যের সরবরাহের বিষয়ে আলোচনা করা হয়। পথ্যে সার্বিক মান যাচাইয়ের জন্য আরএমও ও নার্সিং সুপার ভাইজারদের দায়িত্ব দেওয়া হয়।

৭। বিবিধ :- সভায় 5.S KAIZEN নিয়ে আলোচনা হয় এবং 5.S KAIZEN বাস্তবায়ন করার জন্য সকলকে আহ্বান জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ডাঃ রথীন্দ্রনাথ মজুমদার)
সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক
সদর হাসপাতাল, জেলা।